ফ্যাসিস্ট রেজিমের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রামে প্রবাসীদেরও অবদান রয়েছে : কয়েস লোদী

চেম্বার ডেস্ক: সিলেট মহানগর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি রেজাউল হাসান কয়েস লোদী বলেছেন, বিগত ১৬ বছর ফ্যাসিস্ট রেজিমের বিরুদ্ধে আন্দোলন সংগ্রামে যুক্তরাজ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদেরও অবদান রয়েছে। চাকরি ফেলে মিছিল মিটিংয়ে যুগ দেওয়ায় অনেক প্রবাসী আর্থিক ক্ষতির পাশাপাশি কাজও হারাতে হয়েছে। দেশের মানুষের ন্যায্য দাবী দাওয়া আদায়ের যেকোনো আন্দোলনে প্রবাসীরা স্বতঃস্ফূর্ত অংশগ্রহণসহ বিভিন্নভাবে সহযোগিতা করে থাকেন বিশেষ করে যুক্তরাজ্যে বসবাসকারী বিএনপি নেতৃবৃন্দ বিগত দিনগুলোতে সুদুর যুক্তরাজ্যে ফ্যাসিস্ট হাসিনা বিরুধী আন্দোলন করতে গিয়ে দেশে নানান ভাবে হয়রানি শিকার হয়েছেন তাদের পরিবারকেও হুমকি প্রদান করা ছাড়াও গ্রেফতার করে নিয়ে যাওয়া হতো। সবশেষ জুলাই গণ অভ্যুত্থান প্রবাসীদের উল্লেখযোগ্য ভুমিকা ছিলো।
তিনি বলেন, প্রবাসীরা কেবল রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতি সচল রাখায় সীমাবদ্ধ নয় সংকটে সংগ্রাম আমাদের সাথে একাত্বতা পোষণ করে দূর প্রবাসে সক্রিয় অবস্থান তোলে ধরছেন।
তিনি মঙ্গলবার (১ জুলাই) সন্ধ্যা ৮টায় সিলেট নগরীর চৌকিদেখী স্পোর্টস কিংডম প্লে গ্রাউন্ড মাঠে যুক্তরাজ্য গ্রেটার লন্ডন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক তোফায়েল বাসিত তপু এবং যুক্তরাজ্য প্রবাসী বিশিষ্ট সমাজসেবক মো. দুলন মিয়ার সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথাগুলো বলেন। স্বেচ্ছাসেবী সংগঠন আলোর অন্বেষণ’র সভাপতি সাজন আহমদ সাজুর সভাপতিত্বে এবং সিনিয়র সদস্য সাইদ মাহমুদ ওয়াদুদের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিমানবন্দর থানা বিএনপির আহবায়ক আব্দুল কাদির সমছু, বিমানবন্দর থানা বিএনপির সদস্য সচিব সৈয়দ সারোয়ার রেজা, জেলা যুবদলের সহ সভাপতি সাহেদ আহমদ চমন, লায়েক আহমদ, মহানগর যুবদলের সহ সভাপতি মইনুল ইসলাম, মামুন আহমদ মিন্টু, লুৎফর রহমান ও মহানগর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহবায়ক আব্দুস সালাম তোহেল।
সংবর্ধনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সাবেক ছাত্রনেতা মহিউদ্দিন বাবলু, ওসমান আহমদ, মুজিবুর রহমান, তুহিন নাগ, মাসুক আহমদ, খসরুজ্জামান খসরু, মারজানুল হক জোসেফ, বোরহান উদ্দিন, জুনু মিয়া, মফিক আহমদ, লক্ষন আহমদ, মিছবাহ আহমদ জেহিন, আব্দুল্লাহ শফি সাহেদ, সাইদ মাহমুদ ওয়াদুদ, আরিফ খান সুমন, সৈয়দ

নজরুল ইসলাম, আহমদ হোসেন, জাকারিয়া রতন, শাওন আহমদ ইমরান, মোশাহিদ আহমদ, ইয়াসিন আহমদ মান্না, সোহেল আহমদ সোহাগ, বেলাল আহমদ, সেলিম আহমদ ও সোহানুর রহমান প্রমুখ।